

🗏 আলে-ইমরান | Al-i-Imran | آل عِمْرَان

আয়াতঃ ৩:৫১

💵 আরবি মূল আয়াত:

🗚 আনুবাদসমূহ:

'নিশ্চয় আল্লাহ আমার রব ও তোমাদের রব। অতএব তোমরা তাঁর ইবাদাত কর। এটি সরল পথ'। — আল-বায়ান 'নিশ্চয় আল্লাহ আমার প্রতিপালক এবং তোমাদেরও প্রতিপালক, অতএব তাঁর 'ইবাদাত কর, এটাই সরল পথ'। — তাইসিক্রল

নিশ্চয়ই আল্লাহ আমার রাব্ব এবং তোমাদের রাব্ব; অতএব তাঁর ইবাদাত কর - এটাই সরল পথ। — মুজিবুর রহমান

Indeed, Allah is my Lord and your Lord, so worship Him. That is the straight path." — Sahih International

- ৫১. নিশ্চয়ই আল্লাহ আমার রব এবং তোমাদেরও রব, কাজেই তোমরা তারই ইবাদাত কর। এটাই সরল পথ।(১)
 - (১) এখানেও 'সিরাতে মুস্তাকীম' বলে ইসলাম বোঝানো হয়েছে। যেমন পূর্বে সূরা আল-ফাতিহার তাফসীরে বর্ণিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

- (৫১) নিশ্চয়ই আল্লাহ আমার প্রতিপালক এবং তোমাদের প্রতিপালক। সুতরাং তোমরা তাঁর উপাসনা কর। এটাই হল সরল পথ। [1]
 - [1] অর্থাৎ, আল্লাহর ইবাদত সম্পাদনে এবং তাঁর সামনে অসহায়তা ও অপরাগতার প্রকাশ করার ব্যাপারে আমি ও তোমরা সমান। সুতরাং এক আল্লাহর ইবাদত করা এবং তাঁর উপাস্যত্ত্বে অন্য কাউকে শরীক না করাই হল সঠিক ও সরল পথ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=344

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন